



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০২ ডিসেম্বর ২০২৩খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নবাগত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন ২০২৩। ০২ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তক্ষেত্র এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল সিটি করপোরেশনের মেয়র আবুল খায়ের আব্দুল্লাহ। এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, শিক্ষা মানুষকে উন্নত মানুষে পরিণত করে, আর জ্ঞান তাদেরকে সমৃদ্ধ করে। মুক্তজ্ঞান চর্চার রাজ্য হলো বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয় ছাড়া জ্ঞানে পরিপূর্ণতা পাওয়া সম্ভব নয়। তিনি নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, প্রযুক্তি নির্ভর জ্ঞান অর্জনে সচেষ্ট হতে হবে। মৌলিক শিক্ষার পাশাপাশি নৈতিক শিক্ষায় শিক্ষিত হতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মেয়র মহোদয়ের সহধর্মিণী বিশিষ্ট সমাজসেবক লুনা আব্দুল্লাহ। ওরিয়েন্টেশন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মীজানুর রহমান। তিনি নবাগতদের উদ্দেশ্যে বলেন, উচ্চশিক্ষা অর্জনের উদ্দেশ্যে চাকুরী পাওয়া নয়। নিজেদেরকে প্রকৃত মানুষ হিসেবে গড়ে তোলা ও মানুষের জন্য কাজ করার লক্ষ্যে অর্জন করতে হবে উচ্চশিক্ষা। তিনি রবীন্দ্রনাথ ঠাকুরের উদ্ধৃতি দিয়ে বলেন, মুখস্ত বিদ্যা চৌর্যবৃত্তির সমান। যেকোন বিষয়কে গভীর থেকে জানতে হবে। তিনি আরও বলেন, তোমাদেরকে নিজেদের পরিপূর্ণ ইতিহাস জানতে হবে। কারণ যে ব্যক্তি নিজেদের ইতিহাস জানেনা সে একটি পাতার মত, যে জানেনা সে একটি কান্ডের অংশ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু. দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় উপাচার্য মহোদয় বলেন, আজকের বাংলাদেশ এগিয়ে যাওয়া বাংলাদেশ, সমৃদ্ধির পথে বাংলাদেশ, বঙ্গবন্ধুর দেখানো পথে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের মহাসড়কে বাংলাদেশ। তিনি নবাগত শিক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়ে তাদের উদ্দেশ্যে বলেন, তোমাদেরকে শিক্ষা, গবেষণা ও সহশিক্ষা কার্যক্রমে আত্মনিয়োগের মাধ্যমে নিজেদেরকে গড়ে তুলতে হবে। তোমাদের প্রচেষ্টায় একদিন বরিশাল বিশ্ববিদ্যালয় হবে দক্ষিণবাংলার ইতিহাস ও ঐতিহ্যের স্মারক। তোমরাই দেবে বদলে যাওয়া বাংলাদেশের নেতৃত্ব। বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মনিরুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মুহসিন উদ্দীন। নবাগত শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন রসায়ন বিভাগের রিফাত হোসেন এবং ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের সামিহা নাছরিন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীসহ প্রশাসনের কর্তাব্যক্তি, বিভিন্ন সংস্থার প্রতিনিধি, সুধীজন, সাংবাদিকবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও ২০২২-২৩ শিক্ষাবর্ষের নবাগত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন উপলক্ষে বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তক্ষেত্র এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়